# তেরখাদা উপজেলা পরিষদের নভেম্বর-২৪ মাসে অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শহীদুল্লাহ
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় ঃ ২৫-১১-২০২৪ খ্রিঃ, বেলাঃ ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে উপজেলা পরিষদের প্রশাসক ও নির্বাহী অফিসার জনাব মোহাম্মদ শহীদুল্লাহ মহোদয় সভায় উপস্থিত উপজেলা প্রশাসনের সকল দপ্তর প্রধানকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউ,পি চেয়ারম্যানদের জনসেবা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। অতপর উপজেলা নির্বাহী অফিসার এ সভার কার্যক্রম পরিচালনা করেন এবং নির্ধারিত বিষয়ে আলোচনা করার জন্য সকল সম্মানীত সদস্যকে আহবান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়।
সভায় দপ্তর ভিত্তিক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | সভা ও স্থায়ী কমিটি | উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করতঃ বলেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। তিনি প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রনয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ, ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (০১)সভায় ০৫৮নং তেরখাদা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ আনিছুর রহমান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতঃ বলেন, উপজেলা পরিষদের সামনে ৩৮নং তেরখাদা সরকারি প্রাথমিক বিদ্যারয়ের সামনে চিত্র নদীর উপর কাঠেরপুলটি দির্ঘদিনের পুরাতন হওয়ায় বর্তমানে পারাপারের অযোগ্য হয়ে পড়েছে। বিদ্যালয়ে আগত কোমলমতি ছাত্র-ছাত্রীদের পারাপারে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে। তাছাড়া জয়সেনা নিজাম মোল্যার বাড়ির সামনে চিত্রাখালের উপর কাঠের পুলটিও পারাপারের অযোগ্য হয়ে পড়েছে। স্থানীয় জনসাধরণের পারাপার ও কৃষকদের ফসল আনা নেয়ায় ভোগান্তির শিকার হচ্ছেন। তিনি জনগুরুত্বপূর্ন বিবেচনায় জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্প সমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে মেরামতের জন্য সিদ্ধান্ত গ্রহনের অনুরোধ জানান। | (০১) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় নিম্নবর্ণিত ০২ (দুই) টি স্কিম প্রকল্পবাস্তবায়ন কমিটির (PIC) মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | ১)প্রকল্পের নাম ঃ ৩৮ নং তেরখাদা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে চিত্র নদীর উপর কাঠেরপুল সংস্কার।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/- টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব ফিরোজা বেগম, ইউপি সদস্য ------------ সভাপতি<br>জনাব হামিদ মোল্যা, গন্যমান্য ব্যক্তি ---------- সেক্রেটারী<br>জনাব আসলাম মোল্যা, শিক্ষক ---------------- সদস্য<br>জনাব মোঃ জসিম মোল্যা, ইমাম ----------------- সদস্য<br>জনাব মোঃ রমজান শেখ, সমাজসেবক ----------- সদস্য<br>জনাব নাইম মোল্লা, ভিডিপি সদস্য -------------- সদস্য<br>জনাব মোঃ আশরাফুল ইসলাম, গন্যমাণ্য ব্যক্তি --- সদস্য<br><br>২) প্রকল্পের নাম ঃ তেরখাদা ইউনিয়ন পরিষদের সামনে চিত্রা নদীর উপর কাঠের পুল সংস্কার।<br>প্রকল্প মূল্য ঃ ২,০০,০০০/- টাকা<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>জনাব কামরান শেখ, ইউপি সদস্য ----------- সভাপতি<br>জনাব মোঃ আসলাম মোল্লা, শিক্ষক -------------- সেক্রেটারী<br>জনাব শাহীন মোল্যা, গণ্যমাণ্য ব্যক্তি --------------- সদস্য<br>জনাব মোঃ ছেকন মোল্যা, ইমাম ------------------- সদস্য<br>জনাব আব্দুর রহিম, সমাজসেবক ------------------ সদস্য<br>জনাব লতিফা খাতুন, মহিলা সমজকর্মী ------------ সদস্য<br>জনাব মোঃ মূসা কাজী, ভিডিপি সদস্য -------------- সদস্য | | |
| | | (০২) সভায় উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণ করত বলেন, উপজেলা পরিষদের অভ্যান্তরে উপজেলা পরিষদ কমপ্লেক্সের বির্ভিন্ন অফিস, বাসা-বাড়ি, গ্যারেজ, অভ্যান্তরীন ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরমতের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০২ শাখার ০৫ নভেম্বর ২০২৪খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.২৯৬.২৩-১১৭ নং স্মারকে প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বাস্তবতানৃখে তেরখাদা উপজেলা পরিষদের পুকুরের ঘাটলা, জীপ গাড়ির গ্যারেজ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | (০২) উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুকুরের ঘাটলা, জীপ গাড়ির গ্যারেজ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সরেজমিন পরিদর্শন পূর্বক প্রাক্কলন প্রস্তুত ও কারিগরি প্রতিবেদনসহ প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ০৩ | প্রাথমিক ও গণ শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসর সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, তেরখাদা উপজেলার বর্নমালা সরকারি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং দক্ষিণ মল্লিকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ ২০১৯ সালে শুরু হলেও এখনো নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও বলেন, ২০২৩ সালে ইখড়ি কাটেংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়, জয়সেনা সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ কুশলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ধয়ারগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লকের কাজ শুরু হয়ে নির্মাণ কজ এখনও চলমান রয়েছে। নির্মাণকাজের ধীরগতির কারনে ব্যািলয় সমুহে পাঠদান কার্যক্রম ও ছাত্র-ছাত্রীদের ওয়াশ ব্লক ব্যবহরে প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সভায় অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্নিত বিদ্যালয় সমূহের ভবন ও ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | পল্লীউন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, অক্টোবর/২৪ মাস পর্যন্ত [illegible] তেরখাদা, [illegible] সমিতি গঠন করেছে [illegible]টি, সুফলভোগী সদস্য ভর্তি করেছে [illegible]জন, [illegible] আদায় [illegible] লক্ষ টাকা, সঞ্চয় আদায় [illegible] লক্ষ টাকা, ঋণ বিতরণ [illegible] লক্ষ টাকা ঋণ আদায় [illegible] লক্ষ টাকা। তিনি আরও [illegible] শ্রেণী ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহায়তায় একটি সার্টিফিকেট মামলা চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ০৫ | প্রকল্প বাস্তবায়ন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, গ্রামীণ অবকাঠামো ব্রীজ নির্মাণ প্রকল্পের আওতায় তেরখাদা উপজেলায় একটি ব্রীজ নির্মাণ কাজ চলমান রয়েছে। চলতি অর্থ বছরে এখন পর্যন্ত গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কর্মসূচি টিআর, কাবিখা, কাবিটা প্রকল্পের আওতায় কোন বরাদ্দ পাওয়া যায় নাই। দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | মৎস্য ও প্রাণি সম্পদ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে শুভেচ্ছা জানান। তিনি বলেন চলতি ইলিশ মৌসুমে মা ইলিশ সংরক্ষণ সপ্তাহ সফল ভাবে শেষ হয়েছে। তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন তেরখাদা উপজেলার একমাত্র মধুপুর ইউনিয়নে আত্রাই নদীতে কোনো ইলিশ আহরণ করেন। মা ইলিশ সংরক্ষণ সপ্তাহে তেরখাদা থানা পুলিশের সঠিক ভাবে সহযোগীতা করেনাই। অবৈধ জাল, পাটা, চায়না দাউন, কোনাল জাল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন দেশিয় মৎস্য সম্পদ রক্ষায় উন্নয়ন সহযোগী সংস্থা "উন্নয়ন" তেরখাদা উপজেলার মৎস্য অভয়াশ্রম করতে আগ্রহ প্রকাশ করেছে।। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দেশিয় মৎস্য সম্পদ রক্ষায় অবৈধ জাল, পাটা, চায়না দাউন, কোনাল জাল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |
| ০৭ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এইসপিপি ফ্যাসিলেশন প্রোগ্রাম চলমান রয়েছে। হাসপাতালে আগত বহির্বিভাগে রোগীদের ও ভর্তি রোগীদের নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করা হচ্ছে। স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত ডাস্টবিন না থাকায় স্বাস্থ্য সহায়ক পরিবেশ বজায় রাখতে প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। হাসপাতাল কমপাউন্ডে বহিরাগতরা গরু ছাগল চরানোর কারনে পরিবেশ বিনষ্ট হচ্ছে । হাসপাতালের অভ্যান্তরে বাস স্ট্যান্ড গেটের বাইরে স্থাপনের জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। তিনি আরও বলেন এক্সরে মেশিন নষ্ট থাকায় রোগীদের বাইরে যেতে হচ্ছে । | উল্লিখিত বিষয়ে তেরখাদা ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিদের সহযোগীতা করার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা অফিসর সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সমাজসেবা অধিদপ্তরের আওতায় তেরখাদা উপজেলায় সকল ধরনের ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। তিনি বলেন অনগ্রসর জনগোষ্ঠীর ভাতার আবেদনের সময়সীমা আগামি ৩১ ডিসেম্বর পর্যন্ত বর্ধিত করা হয়েছে। তিনি এ বিষয়ে সকল জনপ্রতিনিধিদের প্রাচার প্রচারনার জন্য অনুরোধ | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

র্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ উপজেলা পরিষদের সম্মানিত প্রশাসক মহোদয় বলেন, অক্টোবর-২৪ মাসে উপজেলা ষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্নিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | ডেঙ্গু ও মশাবাহীত রোগ প্রতিরোধে কিটনাশক প্রয়োগ ব্যয় বিল প্রদান | ১০,০০০/- |
| ২. | ডেঙ্গু ও মশাবাহীত রোগ প্রতিরোধে কিটনাশক প্রয়োগ ব্যয় বিল প্রদান | ১০,০০০/- |
| ৩. | ডেঙ্গু ও মশাবাহীত রোগ প্রতিরোধে কিটনাশক প্রয়োগ.ব্যয় বিল প্রদান | ১০,০০০/- |
| ৪. | ডেঙ্গু ও মশাবাহীত রোগ প্রতিরোধে কিটনাশক প্রয়োগ ব্যয় বিল প্রদান | ১০,০০০, - |
| ৫. | ডেঙ্গু ও মশাবাহীত রোগ প্রতিরোধে কিটনাশক প্রয়োগ ব্যয় বিল প্রদান | ১০,০০০/- |
| ৬. | ডেঙ্গু ও মশাবাহীত রোগ প্রতিরোধে কিটনাশক প্রয়োগ ব্যয় বিল প্রদান | ১০,০০০/- |
| ৭. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের সিসি ক্যামেরা মেরামত ব্যয় বিল প্রদান | ২৪,৮৫০ |
| ৮. | উপজেলা পরিষদের আবাসিক এলাকা ও পুকুর পাড় পরিচ্ছনাতা মজুরি বিল | ২৫,০০০/- |
| ৯. | উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |

CamScanner

| | | |
|---|---|---|
| ১০. | উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২৪ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ১১. | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর সেপ্টেম্বর-২৪ মাসের মজুরি | ১৩,৭৫০/- |
| ১২. | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর সেপ্টেম্বর-২৪ মাসের মজুরি | ১৩,৭৫০/- |
| ১৩. | উপজেলা পরিষদের ক্ষতিগ্রস্থ্য বৈদ্যুতিক লাইন সংস্কার | ২৫,০০০/- |
| ১৪. | উপজেলা পরিষদের ক্ষতিগ্রস্থ্য বৈদ্যুতিক লাইন সংস্কার | ২৫,০০০/- |
| ১৫. | উপজেলা পরিষদের ক্ষতিগ্রস্থ্য বৈদ্যুতিক লাইন সংস্কার | ১০,০০০/- |
| ১৬. | জাতীয় জন্মমৃত্যু নিবন্ধন দিবস উদযান ব্যয় বিল | ১০,০০০/- |
| ১৭. | উপজেলা পরিষদে অডিটরিয়ামের ইলেকট্রিক মেরামত ব্যয় | ২৪,৯৫০/- |
| ১৮. | উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সেফটি ট্যাংক পরিষ্কার ব্যয় বিল | ২৫,০০০/- |
| ১৯. | উপজেলা মডেল মসজিদের ইলেকট্রিক ব্যয় বিল প্রদান | ১৬,৫০০/- |
| ২০. | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রদান | ৩,১৯৩/- |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উল্লিখিত ব্যয় সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সভাপতির বক্তব্যঃ

সভাপতি মহোদয়, সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানান। তিনি উপজেলার সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য এবং সকল বিভাগের কর্মকর্তাদের সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি উন্নয়ন মূলক কাজের সঠিক তদারকির জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তেরখাদা উপজেলার সকল বিদ্যালয়, মাদ্রাসা এবং কলেজে লেখা পড়ার মান যাতে ঠিক থাকে এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং বলেন তেরখাদা উপজেলার উন্নয়নে আমাদের সকলকে নিরলস ভাবে কাজ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে একসঙ্গে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১১/২৪

(মোহাম্মদ শহীদুল্লাহ)
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নং- উনিঅ/তের/সভা-৯-৯/২০২৪-৮৬৬ (৩০) তারিখঃ ০১/১২/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-৪।
২। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

৩। উপজেলা ..................................................অফিসার, তেরখাদা, খুলনা।
৪। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেরখাদা, খুলনা।
৫। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।
৬। অফিস নথি।

০১/১২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

CamScanner

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ

পরিশিষ্ট-ক

সভার তারিখ-২৫/১১/২০২৪ খ্রি সময় সকাল ১১.৩০ ঘটিকা।

| ক্র নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০২. | চেয়ারম্যান, ২নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১০. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৬. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৮. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৯. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ২০. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২২. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৬. | ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | ইন্সটেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা। | |
| ২৮. | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তেরখাদা, খুলনা। | |
| ২৯. | তথ্য কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প। | |
| ৩০. | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ৩১. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | |
| ৩২. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা। | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ

পরিশিষ্ট-খ

১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা

CamScanner